

# জেলা পরিষদ

## বগুড়া


zp.bogra.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

### ট্রাক টার্মিনাল ইজারা বিজ্ঞপ্তি নং ০১/২০২২-২০২৩

বগুড়া পৌরসভার অন্তর্গত জেলা পরিষদের মালিকানাধীন ভবের বাজারে অবস্থিত কেন্দ্রীয় ট্রাক টার্মিনালে অবস্থানকারী ট্রাক থেকে নির্ধারিত হারে টোল আদায়ের নিমিত্ত ১৭ পৌষ ১৪২৯ বাংলা হতে ১৬ পৌষ ১৪৩০ বাংলা সাল পর্যন্ত ( ০১/০১/২০২৩ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত) ০১ (এক) বছর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান করা যাচ্ছে। অস্থায়ী ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহ দরপত্রের সিডিউল যথাক্রমে (ক) জেলা পরিষদ, বগুড়া; (খ) জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া; (গ) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া এবং (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া হতে নগদ ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে অফিস চলাকালীন সময়ে ক্রয় করতে পারবেন। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ১০০% (শতকরা একশত ভাগ) অর্থ এবং উদ্ধৃত দরের ১৫% ভ্যাট ও ১০% আয়কর সিডিউল ভুক্ত বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখা হতে বি.ডি/সি.ডি (এম.আই.সি.আর) আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়ার বরাবরে দাখিল করতে হবে। দরপত্র গ্রহণ বা মূল্যায়ন পিপিআর- ২০০৮ অনুসরণে করা হবে। অস্থায়ী ইজারা এবং দরপত্রের শর্তাবলী ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে জেলা পরিষদ কার্যালয় হতে জানা যাবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০১	দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ ও সময়- ১ম বার হতে ৫ম বার পর্যন্ত : যথাক্রমে ২২/১১/২০২২, ২৯/১১/২০২২, ০৬/১২/২০২২, ১৩/১২/২০২২ ও ২০/১২/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়। দরপত্র সিডিউল গ্রহণের তারিখ ও সময়- যথাক্রমে ২৩/১১/২০২২, ৩০/১১/২০২২, ০৭/১২/২০২২, ১৪/১২/২০২২ ও ২১/১২/২০২২ খ্রিঃ তারিখ ১:০০ টা পর্যন্ত এবং একই দিন বেলা ৩:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
----	---

  
(মোঃ আশরাফুল মমিন খান)  
প্রধান নির্বাহী কর্মকর্তা,  
জেলা পরিষদ, বগুড়া।

ফোন নং: ০২৫৮৯৯০১৮১২।

ই-মেইল : [zpbogra@lga.gov.bd](mailto:zpbogra@lga.gov.bd)

তারিখ : ১৬/১১/২০২২ খ্রিঃ।

স্মারক নং : ৪৬.৫০.১০০০.০০১.৫৭.০০১.২১-৬ ৩৯ (৩৪)

অনুলিপি সদয় অবগতি জন্য :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, বগুড়া।
- ০৪। পুলিশ সুপার, বগুড়া।
- ০৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, বগুড়া।
- ০৬। চেয়ারম্যান, বগুড়া পৌরসভা, বগুড়া।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত অধিদপ্তর, বগুড়া।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), বগুড়া।
- ০৯। সদস্য, ..... ওয়ার্ড (সংশ্লিষ্ট), জেলা পরিষদ, বগুড়া।
- ১০। সভাপতি/সম্পাদক, বগুড়া জেলা ট্রাক মালিক সমিতি, বগুড়া জেলা শাখা, বগুড়া।
- ১১। সম্পাদক, দৈনিক করতোয়া, বগুড়া এবং দৈনিক জনকণ্ঠ, বগুড়া প্রতিনিধি। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি আগামী ১৭/১১/২০২২ খ্রিঃ তারিখে ভিতরের পাতায় ৩ কলাম উইথিং পরিসরে ছাপানোর জন্য এবং ছাপানোর পর বিল সহ ৩(তিন) কপি প্রেরণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। সংশ্লিষ্ট সহকারী, জেলা পরিষদ, বগুড়া (বিজ্ঞপ্তিটি পরিষদের ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলে)
- ১৩। নোটিশ বোর্ড।
- ১৪। অফিস কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা,  
জেলা পরিষদ, বগুড়া।